



জেলা পরিষদ কার্যালয়  
পাবনা  
www.zppabna.gov.bd

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০০.০০২.১০.০০০২.২২.৩৪১

তারিখ ১৪ আষাঢ় ১৪৩৩  
২৮ জুন ২০২৬


নতুন তালিকাভুক্তি ঠিকাদারী লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণ ও পাবনা জেলা পরিষদের তালিকাভুক্ত সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থ বছরের জন্য নতুন ঠিকাদারী তালিকাভুক্তি ও ঠিকাদারী লাইসেন্স নবায়নের জন্য পাবনা জেলা পরিষদ কার্যালয় হতে ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের আবেদন ফরম সংগ্রহ পূর্বক আগামী ০২/০৭/২০২৬ খ্রিঃ তারিখ হতে ৩১/০৮/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে ফরমে উল্লেখিত আনুষাংগিক কাগজপত্র পাবনা জেলা পরিষদে জমা দিতে হবে। বর্ণিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রম	নতুন তালিকাভুক্তি/লাইসেন্স নবায়ন ফি এর পরিমাণ	জরিমানা ব্যতীত নবায়ন ফি জমা দেয়ার সময়	৫০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার সময়	১০০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার সময়
১	নতুন তালিকাভুক্তির ফি এর পরিমাণ ক) ৫০০০/- তবে একক মালিকানাধীন নারী স্বত্বাধিকারী হইলে ৩০০০/- টাকা খ) ১৫% ভ্যাট ৭৫০/-	০২/০৭/২০২৬ তারিখ হতে ২০/০৮/২০২৬ তারিখের মধ্যে নতুন ঠিকাদারী তালিকাভুক্তির ফরম সংগ্রহ করতে হবে	৩১/০৮/২০২৬ তারিখের মধ্যে নতুন ঠিকাদারী তালিকাভুক্তির ফরম জমা প্রদান করতে হবে	-----
২	লাইসেন্স নবায়ন ফি এর পরিমাণ ক) ২০০০/- তবে একক মালিকানাধীন নারী স্বত্বাধিকারী হইলে ১৫০০/- টাকা খ) ১৫% ভ্যাট ৩০০/- তবে একক মালিকানাধীন নারী স্বত্বাধিকারী হইলে ২২৫/- টাকা	০২/০৭/২৬ হতে ৩১/০৮/২০২৬ তারিখ পর্যন্ত ২০০০/- তবে একক মালিকানাধীন নারী স্বত্বাধিকারী হইলে ১৫০০/- টাকা + ১৫% ভ্যাট	০১/০৯/২০২৬ হতে ৩১/১০/২০২৬ তারিখ পর্যন্ত ৩০০০/- তবে একক মালিকানাধীন নারী স্বত্বাধিকারী হইলে ২২৫০/- + ১৫% ভ্যাট	০১/১১/২০২৬ হতে ৩১/১২/২০২৬ তারিখ পর্যন্ত ৪০০০/- তবে একক মালিকানাধীন নারী স্বত্বাধিকারী হইলে ৩০০০/- + ১৫% ভ্যাট

শর্তাবলীঃ

(ক) ঠিকাদারী লাইসেন্স নবায়নের জন্য ২০২৬-২০২৭ অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন সনদপত্র ও ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। (খ) ২০২৬-২০২৭ অর্থ বছরে যারা নতুন ঠিকাদারী লাইসেন্স পেতে অগ্রহী তাদেরকে আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত থাকতে হবে। অন্যথায় আবেদন তালিকাভুক্তির জন্য বিবেচনা করা সম্ভব হবে না। (১) পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি (২) কর নিবন্ধন (টিআইএন) নম্বর এবং কর পরিশোধ বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র (৩) মূল্য সংযোজন করের নিবন্ধন করণ নম্বর ও সার্টিফিকেট (৪) বর্তমান অর্থ বছরের হালনাগাদ ট্রেড লাইসেন্স (৫) স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে বাংলাদেশের নাগরিকত্ব সনদপত্র (৬) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র (৭) আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত ব্যাংক প্রতিবেদন (৮) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (৯) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (১০) চেম্বার অব কমার্সের সনদপত্র (১১) এবং অন্যান্য বিভাগের এ সংক্রান্ত লাইসেন্স এর অনুলিপি (যদি থাকে)


  
(মোঃ জাকির হোসেন)  
সহকারী প্রকৌশলী  
জেলা পরিষদ, পাবনা

তারিখ ১৪ আষাঢ় ১৪৩৩  
২৮ জুন ২০২৬

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০০.১০.০০২.২২.৩৪১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী ০৩। প্রশাসক, জেলা পরিষদ, পাবনা ০৪। জেলা প্রশাসক, পাবনা
- ০৫। পুলিশ সুপার, পাবনা ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
- ০৭। প্রশাসক, . . . . . পৌরসভা, পাবনা ০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/গণপূর্ত বিভাগ, পাবনা
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার. . . . . (সকল), পাবনা
- ১০। সম্পাদক, দৈনিক স্বতঃ কণ্ঠ, আব্দুল হামিদ রোড, পাবনা (উপরোক্ত বিজ্ঞপ্তিটি আগামী ০২/০৭/২০২৬ তারিখে ৩(তিন) কলামে ০৭ (সাত) ইঞ্চি পরিসরে ভিতরের পাতায় ১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১১। অফিস নথি/নাটিশ বোর্ড, জেলা পরিষদ, পাবনা

  
সহকারী প্রকৌশলী  
জেলা পরিষদ, পাবনা